

## যান্ত্রিক ত্রুটি - দুবার উড্ডয়নের চেষ্টা করেও ব্যর্থ বিমানের ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 14 July, 2024



ঢাকাঃ যান্ত্রিক ত্রুটির কারণে সৌদি আরবের জেদ্দা থেকে ঢাকাগামী একটি ফ্লাইট বাতিল করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। জেদ্দা থেকে স্থানীয় সময় শূক্রবার (১২ জুলাই) রাত ১টায় ফ্লাইটটি ঢাকার উদ্দেশে উড্ডয়নের কথা ছিল। কিন্তু দুই দফা উড্ডয়নের চেষ্টা ব্যর্থ হওয়ার পর 'বিজি-৩৯৫৬' ফ্লাইটটি বাতিল করা হয়। ওই ফ্লাইটে হজযাত্রীদের দেশে ফেরার কথা ছিল বলে জানিয়েছেন বিমান বাংলাদেশের কর্মকর্তারা।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের মহাব্যবস্থাপক (জনসংযোগ) বোসরা ইসলাম সংবাদমাধ্যমকে জানান, ফ্লাইটটি প্রথমবার উড্ডয়নের চেষ্টা করে ব্যর্থ হয়। এরপর সেটি রানওয়ের আগের জায়গায় ফিরে যায়। এর আড়াই ঘণ্টা পর উড়োজাহাজটি আবার ওড়ানোর চেষ্টা করেন পাইলট। তবে দ্বিতীয়বারের চেষ্টাও ব্যর্থ হয়। পরে যাত্রীদের উড়োজাহাজ থেকে নামিয়ে দেয়া হয়।

তিনি আরো জানান, উড়োজাহাজ থেকে নামিয়ে দেয়া যাত্রীদের খাবার ও হোটেলের ব্যবস্থা করা হয়। ত্রুটি সারিয়ে ফ্লাইটটি শিগগিরই ঢাকার উদ্দেশে রওনা হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

বিজি-৩৯৫৬ ফ্লাইটের যাত্রীরা জানান, শূক্রবার রাত ১টার দিকে তাদের উড়োজাহাজটি জেদ্দা থেকে ঢাকার উদ্দেশে যাত্রা করার কথা ছিল। নির্ধারিত সময়ে উড়োজাহাজটি রানওয়ে থেকে কিছু দূর এগোনোর পর আবার ফিরে যায়। যাত্রীদের যান্ত্রিক ত্রুটির কথা বলে কিছু সময় অপেক্ষা করতে বলা হয়। এরপর প্রায় ৩ ঘণ্টা যাত্রীদের উড়োজাহাজের ভেতরে বসিয়ে রাখা হয়। উড়োজাহাজের শীতাতপ নিয়ন্ত্রণ (এসি) ব্যবস্থা চালু না থাকায় গরমের মধ্যে ভোগান্তিতে পড়ে যাত্রীরা। ৩ ঘণ্টা পর যাত্রীদের উড়োজাহাজ থেকে নামিয়ে দেয়া হয়।

রাষ্ট্রীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের উড়োজাহাজে সম্প্রতি একাধিকবার যান্ত্রিক ত্রুটির ঘটনা ঘটে। ১১ জুলাই ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশে রওনা হয়ে যান্ত্রিক ত্রুটির কারণে ২০ মিনিট পর আবার ঢাকায় ফিরে আসে একটি ফ্লাইট। ১ ঘণ্টা পর বিমান বাংলাদেশের আরেকটি ফ্লাইটে যাত্রীদের চট্টগ্রামে নিয়ে যাওয়া হয়। ওই ফ্লাইটের যাত্রীরা জানান, উড্ডয়নের প্রায় আধা ঘণ্টা পরও উড়োজাহাজের এসি কাজ না করায় তাদের নামিয়ে দেয়া হয়।

এর আগে গত ২৬ জুন চট্টগ্রাম থেকে কাতারের দোহাগামী একটি ফ্লাইটে যান্ত্রিক ত্রুটির কারণে উড্ডয়ন বিলম্বিত হয়। ২৪ জুন চট্টগ্রাম থেকে আবুধাবিগামী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের 'বিজি ১২৭' ফ্লাইটের সামনের কাচে (উইন্ডশিল্ড) ফাটল দেখা দেয়। পরে সেটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করে। এ ঘটনায় ঢাকা-আবুধাবি রুটে সূচিতে বিপর্যয় ঘটে। এছাড়া গত ২৮ মে সৈয়দপুর বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইট অবতরণের পর নোজ হইলে (সামনের চাকা) ত্রুটি দেখা দেয়। উড়োজাহাজটি রানওয়েতে থেমে যাওয়ায় অল্পের জন্য দুর্ঘটনা থেকে রক্ষা পায় যাত্রীরা। এ ঘটনায় সৈয়দপুর বিমানবন্দরে প্রায় ৫ ঘণ্টা উড়োজাহাজ চলাচল বন্ধ থাকে।

-B